বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/**৩৩৩২২১১৯৫২৫১**/বগুড়া-৬৭/ ০৮ তারিখ: ২৮ আশ্বিন, ১৪২৯
১৩ অক্টোবর, ২০২২

বিষয়: গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে

১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২২১১৯৫২৫১/বগুড়া-৬৭/৩৩৩; তারিখ: ১৪/০৮/২০২২ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৫০.১০৪০.০০০.১২.০৩১.২২-৯১০; তারিখ: ০৮/০৯/২০২২ খ্রি.
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/৩৩৩২২১১৯৫২৫১/বগুড়া-৬৭/০২; তারিখ: ২২/০৯/২০২২ খ্রি.
৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/৩৩০২২১১৯৫২৫১/৬৬৩২০/নথি নং - তারিখ: ২৭-০৬-২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন কামারচট্ট বাটাতন নেছা আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্ণিং বডির সদস্যবৃন্দ পদত্যাগ করেছেন মর্মে অধ্যক্ষ জনাব মো: আব্দুল জলিল অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার গাবতলী, বগুড়া-কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বডির ১১ (এগার) জন সদস্যর মধ্যে ০৯ (নয়) জন সদস্য মাদ্রাসা প্রধানের নিকট পদত্যাগের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে গভার্ণিং বডির ১১ (এগার) জন সদস্যর মধ্যে ০৯ (নয়) জন সদস্য মাদ্রাসা প্রধানের নিকট পদত্যাগের বিষয়টি প্রমাণিত হওয়ায় অনুমোদিত গভার্ণিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য সুত্রোক্ত ৩ নংস্মারকে মাদ্রাসা প্রধান এবং সভাপতিকে পত্র প্রেরণ করা হয়। গভার্ণিং বডি ভেঙ্গে দিলে প্রতিষ্ঠান প্রধানের আপত্তি নেই মর্মে জবাবে উল্লেখ করেছেন সভাপতি জবাব প্রদান করেননি।

বর্ণিত অবস্থায় তদন্তে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ৪ নং স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া হলো একই সাথে মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১২.১০.২০২২
মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
কামারচট্ট বাটাতন নেছা আলিম মাদ্রাসা
ডাকঘর: রামেশ্বরপুর, উপজেলা: গাবতলী, জেলা: বগুড়া

নং-বামাশিবো/প্রশাসন/**৩৩৩২২১১৯৫২৫১**/বগুড়া-৬৭/ তারিখ: আশ্বিন, ১৪২৯
অক্টোবর, ২০২২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, বগুড়া;
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
৩. উপজেলা নির্বাহী অফিসার, গাবতলী, বগুড়া;
৪. ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; ....গাবতলী, বগুড়া;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাবতলী, বগুড়া;
৬. সভাপতি/সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, কামারচট্ট বাটাতন নেছা আলিম মাদ্রাসা; গাবতলী, বগুড়া
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১২/১০/২২
মোঃ ওমর ফারুক
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd